রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৫, ২০২০

[ অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

### প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৫ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১০৫-আইন/২০২০।**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর ধারা ৫১ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা ক্ষুদ্রঋণ তথ্য বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) ‘আইন’ অর্থ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন);

(খ) ‘ঋণগ্রহীতা’ অর্থ কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ যাহার অনুকূলে কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক ঋণ অনুমোদন করা হইয়াছে এবং নিম্নরূপ সংস্থা বা অংশীদারও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—

(অ) কোম্পানি বা করপোরেশনের ক্ষেত্রে উহার সহযোগী সংস্থা;

(আ) ফার্মের ক্ষেত্রে উহার যেকোনো অংশীদার অথবা অন্য কোনো ফার্ম যাহাতে উক্ত অংশীদার একজন অংশীদার;



মূল্য : টাকা ৪.০০

(ই) ব্যক্তির ক্ষেত্রে কোনো ফার্ম যাহাতে উক্ত ব্যক্তি অংশীদার; এবং

(ঈ) হিন্দু যৌথ পরিবারের ক্ষেত্রে উহার কোনো সদস্য বা উক্ত সদস্য যে ফার্মের অংশীদার;

(গ) 'ক্ষুদ্রঋণ তথ্য' অর্থ—

(অ) ঋণগ্রহীতার ঋণ গ্রহণের উদ্দেশ্যে, অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনার ধরন, ঋণ পরিশোধের পূর্বাপর তথ্যাদি এবং আমানত বা অন্য কোনো জমার ধরন;

(আ) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক কোনো গ্রাহক বা শ্রেণিবদ্ধ গ্রাহককে প্রদত্ত কোনোরূপ ঋণ বা অন্যান্য আর্থিক সেবা ও উহার পরিমাণ; এবং

(ই) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে ঋণগ্রহীতার নিকট হইতে গৃহীত যেকোনো ধরনের আমানত বা জমা;

(ঘ) 'ক্ষুদ্রঋণ তথ্য ব্যুরো' বা 'ব্যুরো' অর্থ ক্ষুদ্রঋণ গৃহীতার যাবতীয় তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ, ব্যবস্থাপনা, ব্যবহার এবং বিতরণমূলক কার্যকলাপ সম্পন্ন করিবার জন্য কর্তৃপক্ষের কোনো সাংগঠনিক ইউনিট; এবং

(ঙ) 'ব্যক্তি' অর্থ কোনো ব্যক্তি, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারী কারবার বা অন্য কোনো প্রতিষ্ঠান বা সংস্থা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **ক্ষুদ্রঋণ তথ্য সংগ্রহ ও প্রদান।**—কর্তৃপক্ষ, ব্যুরোর মাধ্যমে, কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান হইতে যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ ক্ষুদ্রঋণ তথ্য সংগ্রহ করিতে পারিবে এবং উক্ত ক্ষুদ্রঋণ তথ্য বিধি ৫ এর বিধান অনুসরণপূর্বক কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবে।

৪। **ক্ষুদ্রঋণ তথ্য বিবরণী।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ যেকোনো সময় তৎকর্তৃক নির্দিষ্টকৃত পদ্ধতি এবং সময়সীমার মধ্যে কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে উহার ক্ষুদ্রঋণ তথ্য সম্পর্কিত কোনো বিবরণী দাখিল করিবার নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(২) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উহার গঠনতন্ত্র বা গ্রাহকের সহিত গোপনীয়তা সংরক্ষণে সম্পাদিত কোনো চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন, উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নির্দেশনা পালনে বাধ্য থাকিবে।

৫। **ক্ষুদ্রঋণ তথ্য সরবরাহ।**—(১) কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উহার সহিত আর্থিক সহযোগিতার চুক্তি হইয়াছে বা বিবেচনাধীন রহিয়াছে এইরূপ কোনো গ্রাহকের নির্দিষ্ট ক্ষুদ্রঋণ তথ্য চাহিয়া ব্যুরো কর্তৃক নির্ধারিত ফরমে কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর, যতদ্রুত সম্ভব, উহার নিকট সংরক্ষিত ঋণতথ্যাদি হইতে আবেদনে যাচিত তথ্যাদি সরবরাহ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ সরবরাহকৃত তথ্যের বিষয়ে আবেদনকারী ব্যতীত অন্যকোনো সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম প্রকাশ করিবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত ক্ষুদ্রঋণ তথ্য যাচাই-বাছাই করিয়া ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান গ্রাহকের ঋণযোগ্যতা নির্ণয় ও ঋণ প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে 'ঋণযোগ্যতা' অর্থ ঋণপ্রাপ্তিতে আবেদনকারীর গ্রহণযোগ্যতা বা পূর্বের ঋণ পরিশোধের ভিত্তিতে কোনো গ্রাহকের নূতন ঋণপ্রাপ্তির যোগ্যতা।

৬। **ঋণতথ্যের গোপনীয়তা।**—(১) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক বিধি ৪ এর অধীন দাখিলকৃত বিবরণীতে উল্লিখিত যেকোনো তথ্য বা কর্তৃপক্ষ কর্তৃক কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে বিধি ৫ এর অধীন সরবরাহকৃত তথ্য গোপনীয় বলিয়া গণ্য হইবে।

(২) এই বিধির কোনো কিছুই প্রযোজ্য হইবে না, যদি—

(ক) কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে, বিধি ৪ এর অধীন সরবরাহকৃত কোনো তথ্য প্রকাশ করে; অথবা

(খ) কর্তৃপক্ষ বিধি ৪ এর অধীন সংগৃহীত যেকোনো তথ্য উহা সরবরাহকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বা উহার ঋণগ্রহীতাগণের নাম উল্লেখ না করিয়া জনস্বার্থে প্রকাশ করে।

৭। **অপরাধ ও দণ্ড।**—(১) কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বা তদ্‌সংশ্লিষ্ট কোনো ব্যক্তি আইনের অধীন শাস্তিযোগ্য অপরাধ করিয়াছেন মর্মে গণ্য হইবেন, যদি—

(ক) বিধি ৪ অনুযায়ী ক্ষুদ্রঋণ তথ্য বিবরণী দাখিল করিতে ব্যর্থ হন অথবা মিথ্যা তথ্য সংবলিত বিবরণী দাখিল করেন; বা

(খ) এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করেন বা লঙ্ঘনের সহিত জড়িত থাকেন; বা

(গ) বিধি ৬ এর বিধান লঙ্ঘনক্রমে কোনো ক্ষুদ্রঋণ তথ্য প্রকাশ করেন:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষের নিকট কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যুক্তিসংগত কোনো কারণে এই বিধিমালার কোনো শর্ত লঙ্ঘন করিয়াছেন বলিয়া গণ্য হইলে সেইক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

(২) কোনো ব্যক্তি উপ-বিধি (১) এর অধীন কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হইলে, তিনি আইনের ধারা ৩৫ এর উপ-ধারা (২) এর অধীন দণ্ডে দণ্ডিত হইবেন।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**অমলেন্দু মুখার্জী**
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd